

ঢাকা, বুধবার  
১০ আশ্বিন ১৪৩১  
২৫ সেপ্টেম্বর ২০২৪

# ইনকিলাব

THE DAILY STRUGGLE



উপদেষ্টা সাখাওয়াত

## বাংলাদেশের অর্থনীতির জন্য

### চীন খুবই গুরুত্বপূর্ণ

—উপদেষ্টা সাখাওয়াত

স্টাফ রিপোর্টার

বাংলাদেশের অর্থনীতির জন্য আগামী দিনে চীন খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে বলে মন্তব্য করেছেন বঙ্গ ও পাট এবং নৌপরিবহন উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) এম সাখাওয়াত হোসেন। গতকাল মঙ্গলবার নর্থ সাউথ ইউনিভার্সিটিতে আয়োজন করা হয় 'ঢাকা-চায়না ডে' অনুষ্ঠানে তিনি এসব কথা

পৃঃ ৫ কঃ ১

বলেন। উপদেষ্টা বলেন, চীন দীর্ঘদিন ধরে বাংলাদেশের অন্যতম ঘনিষ্ঠ বন্ধু। বিগত বছরগুলোতে দুই দেশের সম্পর্ক আরও জোরদার হয়েছে। বর্তমান পরিস্থিতিতে আরও অনেক উপায়ে আমরা একসঙ্গে কাজ করতে পারি। আমি চীনের রাষ্ট্রদূতকে পাট খাতে অংশীদারত্বের সুযোগগুলো খুঁজে বের করতে উৎসাহিত করছি। আগামী দিনে বাংলাদেশের অর্থনীতির জন্য চীন খুবই গুরুত্বপূর্ণ।

অনুষ্ঠানে ঢাকায় নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন, নর্থ সাউথ ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান আজিম উদ্দিন আহমেদ। এতে সভাপতিত্ব করেন নর্থ সাউথ ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক আবদুল হান্নান চৌধুরী। স্বাগত বক্তব্য দেন নর্থ সাউথ ইউনিভার্সিটির কনফুসিয়াস ইনস্টিটিউটের পরিচালক ড. বুলবুল সিদ্দিকী। চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন বলেন, সাংস্কৃতিক বিনিময় এমন একটি বন্ধন, যা মানুষকে একত্রিত করে। বাংলাদেশ ও চীন এরই মধ্যে একটি সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্য ভাগাভাগি করছে। ঢাকা-চায়না দিবসের মতো উৎসবের মাধ্যমে আমাদের সম্পর্ক আরও গভীর হবে। এ অনুষ্ঠানের মাধ্যমে দুই দেশের মধ্যে সহযোগিতা ও বন্ধুত্বের নতুন দিগন্ত উন্মোচন হলো। নর্থ সাউথ ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক আবদুল হান্নান চৌধুরী বলেন, বাংলাদেশের প্রথম বিশ্ববিদ্যালয় হিসেবে নর্থ সাউথ ইউনিভার্সিটিতে কনফুসিয়াস ইনস্টিটিউট প্রতিষ্ঠিত হয়। চীনের বিশ্ববিদ্যালয়গুলোর সঙ্গে আমাদের শিক্ষার্থী বিনিময় কর্মসূচি চলমান। দক্ষতা উন্নয়ন ও প্রযুক্তিগত উদ্ভাবনের ক্ষেত্রে চীনের সঙ্গে সম্পর্ক আরও জোরদার করতে হবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নর্থ সাউথ ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সদস্য ইয়াসমিন কামাল, আজিজ আল কায়সার, কোষাধ্যক্ষ ও ভারপ্রাপ্ত উপ-উপাচার্য অধ্যাপক আবদুর রব খান, কনফুসিয়াস ইনস্টিটিউটের পরিচালক মা জিওয়ান প্রমুখ। অনুষ্ঠানের অন্যতম আকর্ষণ ছিল চীনের ইউনান থেকে আসা একটি দলের সাংস্কৃতিক পরিবেশনা। নর্থ সাউথ ইউনিভার্সিটির কনফুসিয়াস ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়ের কনফুসিয়াস ইনস্টিটিউট এবং বাংলাদেশ উশু ফেডারেশনের শিক্ষার্থীরাও অনুষ্ঠানে নিজেদের পরিবেশনা প্রদর্শন করেন। এছাড়া এনএসইউ প্লাজা এরিয়ায় চীনা বিভিন্ন প্রতিষ্ঠান দিনব্যাপী তাদের ঐতিহ্যবাহী কারুশিল্প, রান্না এবং সাংস্কৃতিক প্রদর্শনী পরিবেশন করেন।